17 AUG 1988
তারিখ ... ... ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 1 ...

### ইংরাজী পড়ার কথাও ভাবা দরকার

17 AUG 1988

# ছাত্রদের যোগ্য নাগরিক হতে হবে ঃ এরশাদ

রংপুর, ১৬ই আগস্ট (বাসস)।—প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ ছাত্রদের শক্তিকে একান্ত ভাবে জ্ঞান অর্জনে নিয়োজিত করতে বলেছেন যাতে তারা উপযুক্ত নাগরিক হিসাবে গড়ে উঠে দেশের উন্নয়ন প্রচেষ্টায় ফলপ্রসূ অবদান রাখতে পারে।

প্রেসিডেন্ট মঙ্গলবার এখানে কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ প্রাঙ্গণে এক বিশাল ছাত্র সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

কলেজ মিলনায়তনের ভিত্তি স্থাপন অনুষ্ঠান উপলক্ষে আয়োজিত এ সমাবেশে প্রেসিডেন্ট বলেন শিক্ষা সমাপ্তির পর দেশের জন্যে কাজ করার সুযোগ লাভের চাইতে বড় পুরস্কার আর কিছু হতে পারে না।

সমাবেশে পাটমন্ত্রী জনাব এ কে এ...ম মাঈদুল ইসলাম এবং কলে...র অধ্যক্ষ ডঃ আবদুল জব্বার মি...াও বক্তৃতা করেন।

...কলেজ প্রাঙ্গণে পৌঁছানোর পর প্রে...ডেন্ট এরশাদকে ছাত্ররা প্রাণঢালা ...সংবর্ধনা জানায়। প্রেসিডেন্ট এরশা... ১৯৪৬ সাল থেকে ১৯৫০ সাল ...পর্যন্ত এ কলেজের ছাত্র ছিলেন। ...তাকে স্বাগত জানিয়ে ছাত্ররা ...োগান দেয়।

প্রেসি...ডন্ট এ কলেজে তাঁর অধ্যয়নকা...ের স্মৃতিচারণ করে বলেন, সে... সময় একজন ছাত্রের স্বপ্ন ছিল ...নিজেকে যোগ্য নাগরিক হিসাবে গড়ে তোলা এবং দেশের উন্নয়নে অবদান রাখা।

সর্বস্তরে বাংলা ভাষা ব্যবহার নিশ্চিত করার জন্যে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে প্রেসিডেন্ট এরশাদ বলেন, ইংরাজী হচ্ছে একটি আন্তর্জাতিক ভাষা। তাই বাধ্যতামূলক বিষয় হিসাবে ইংরাজী অধ্যয়নের কথা সকলের চিন্তা করার সময় এসেছে। ছাত্রদের আরো ভালোভাবে উচ্চ শিক্ষা লাভে তা সহায়ক হবে।

প্রেসিডেন্ট বলেন, তাঁর সরকার দেশের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে বর্তমান শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজানোর চিন্তা করে আসছেন। আ...র সেই চিন্তার আলোকে জেলা প...র্যায়ের বিভিন্ন কলেজকে অনার্স কোর্সের বিশ্ববিদ্যালয় কলেজে প...রিণত করা হবে।

তিনি বলেন, একটি অনুমোদনদানকারী বিশ্ববিদ্যালয় এসব কলেজের পরীক্ষা পরিচালনা করবে। অন্যদিকে বর্তমান আবাসিক বিশ্ববিদ্যালয়গুলো শুধু আবাসিক বিশ্ববিদ্যালয় হিসাবেই থাকবে। এভাবে আমরা শিক্ষাঙ্গনের পরিস্থিতির উন্নতি সাধন এবং সেসন জট দূর করার মাধ্যমে ছাত্রদের বর্তমান কষ্ট ও দুর্ভোগ থেকে মুক্তি দিতে পারি বলে তিনি উল্লেখ করেন।

(শেষ পঃ ৫-এর কঃ দ্রঃ)